গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং- ৪৬৭ বিচার-৩/১ডি-১৫/২০০৮, তারিখঃ- ১৮/ ৯/২০১৪

## আদেশ

যেহেতু, খুলনার সাবেক জেলা জজ বর্তমানে বরিশালের দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক (জেলা জজ) জনাব এ, কে, এম, ইশতিয়াক হুসাইন-এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (বি ) ও ৩ ( ডি ) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনয়ন পূর্বক বাংলাদেশ সুপ্রীমকোর্টের সাথে পরামর্শ এবং মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে ১৫/২০০৮ নং বিভাগীয় মোকদ্দমা রুজু করতঃ কেন তাঁকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব এ, কে, এম, ইশতিয়াক হুসাইন উক্ত কারন দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেন নি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব এ, কে, এম, ইশতিয়াক হুসাইন এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ বিশ্বাসযোগ্য ভাবে প্রমানীত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব এ, কে, এম, ইশতিয়াক হুসাইন-কে অভিযোগের ভিত্তিতে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকুরী হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারন দর্শানোর নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেন নি;

এক্ষনে সেহেতু, বাংলাদেশ সুপ্রীমকোর্টের সাথে পরামর্শ এবং মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে খুলনার সাবেক জেলা জজ বর্তমানে বরিশালের দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক (জেলা জজ) জনাব এ, কে, এম, ইশতিয়াক হুসাইন-কে ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৪(৩)(বি) বিধিমোতাবেক বাধ্যতামূলক অবসর(Compulsory Retirement) প্রদান করা হ'ল ।

এরূপ বাধ্যতামূলক অবসর দানের ফলে তিনি বিধিমোতাবেক সকল প্রকার আর্থিক সুবিধাদি পাবেন ।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক )
সচিব(দায়িত্ব প্রাপ্ত)।

নং- ৪৬৭ /১(১২)-বিচার-৩/১ডি-১৫/২০০৮, তারিখঃ- ১৮/ ৯/২০১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইলঃ-

১। রেজিষ্ট্রার,বাংলাদেশ সুপ্রীমকোর্ট,ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, বরিশাল।
৩। জনাব এ,কে, এম, ইশতিয়াক হুসাইন, বিচারক(জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল, বরিশাল।
৪। সিনিয়র সহকারী সচিব, ১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব,আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
উপরের আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করতে অনুরোধ করছি।
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা আইন ও বিচার বিভাগ, ঢাকা ।
১২। আইটি শাখা, আইন ও বিচার বিভাগ, ঢাকা ।

18-09-2014

( এস, মোহাম্মদ আলী )
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১।